



## দুর্ভুতদের গুলির নির্দেশ পুলিশের আইনেই আছে: ডিএমপি কমিশনার



সংগৃহীত ছবি

যেসব দুর্ভুত ককটেল নিক্ষেপ বা বাসে অগ্নিসংযোগের চেষ্টা করবে, তাদের বিরুদ্ধে পুলিশের গুলি চালানোর অনুমতি আইন অনুযায়ী রয়েছে বলে জানিয়েছেন ডিএমপি কমিশনার শেখ সাজ্জাত আলী। বৃহস্পতিবার (২০ নভেম্বর) সকালে ডিএমপির সাইবার সাপোর্ট সেন্টারের উদ্বোধনী অনুষ্ঠানে এই তথ্য জানান তিনি। ডিএমপি কমিশনার বলেন, নতুন সাইবার সাপোর্ট সেন্টারটি নাগরিকদের সাইবার অপরাধের অভিযোগ গ্রহণ এবং তা দ্রুত সমাধান করতে ২৪ ঘণ্টা কার্যক্রম পরিচালনা করবে। তিনি আরও হুঁশিয়ারি দেন, থানার বাইরে পুলিশ সদস্যদের উদ্দেশ্যে ককটেল নিক্ষেপ বা আক্রমণ করলে তা পুলিশের মনোবল ভেঙে দিতে পারে, তাই পুলিশের সঙ্গে অশোভন আচরণ বা আঘাত করা থেকে বিরত থাকতে হবে।

প্রসঙ্গত, গত বুধবার রাত সাড়ে ৮টার দিকে মিরপুরের পল্লবী থানার সামনে তিনটি ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটে। এতে দায়িত্বরত সহকারী উপ-পরিদর্শক (এএসআই) নূর ইসলামসহ তিনজন আহত হন। শেখ সাজ্জাত আলী আরও জানান, পুলিশ দায়িত্ব পালনে গাফিলতি করলে নাগরিকদের নিরাপত্তার স্বার্থে নিজের বাসায় রাতজাগা পাহারা দিতে হতে পারে, ঠিক যেমন ৫ আগস্টের পর স্বনির্ভর নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হয়েছিল।